ত্রৈমাসিক

# পূবালী বার্তা

- পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । ডিসেম্বর ২০১৯ ঃ সংখ্যা ২০

পূবালী ব্যাংক লিমিটেড

PUBALI BANK LIMITED

সর্ববৃহৎ বেসরকারী বাণিজ্যিক ব্যাংক



# পূবালী ব্যাংক লিমিটেডের হীরকজয়ন্তী উদযাপন

১৯৫৯ সালে বাঙ্গালী উদ্যোক্তাদের দ্বারা প্রতিষ্ঠিত তৎকালীন ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড এর সফল উত্তরসুরী ব্যক্তিখাতের সর্বাধিক সম্প্রসারিত আজকের পূবালী ব্যাংক লিমিটেড। বাঙ্গালীর প্রথম ব্যাংক হিসেবে যাত্রা শুরু করে পূবালী ব্যাংক লিমিটেড এবছর সাফল্য ও অগ্রগতির ৬০ বছর পূর্তি উদযাপন করছে।

হীরকজয়ন্তী উদযাপন উপলক্ষে সম্প্রতি রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে এক সুধী সমাবেশের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মোঃ আসাদুল ইসলাম ও বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার, এম পি। পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সুধী সমাবেশে স্বাগত বক্তব্য রাখেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। The Daily Star এর প্রকাশক ও প্রথিতযশা সম্পাদক মাহফুজ আনাম অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। এসময় পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালকবৃন্দ মনজুরুর রহমান, হাবিবুর রহমান, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, মোঃ আবদুর রাজ্জাক মন্ডল, এম. কবিরুজ্জামান ইয়াকুব, রুমানা শরীফ, আজিজুর রহমান, আরিফ এ. চৌধুরী, আসিফ এ চৌধুরী, স্বতন্ত্র পরিচালক ড. শাহ্‌দীন মালিক ও ব্যাংকের স্পন্সর শেয়ার হোল্ডারগন সহ দেশের বিশিষ্ট অর্থনীতিবিদ, ব্যবসায়ী নেতৃবৃন্দ, শিক্ষানুরাগী, সাংবাদিক-গণ, ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাগণ ও গ্রাহকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, লোভ আর অব্যস্থাপনা দুই-একটি ব্যাংকের অবস্থা কে নড়বড়ে করে দিলেও বাংলাদেশের সামগ্রিক ব্যাংকিং ব্যবস্থা প্রশংসনীয়। শুধুমাত্র মুনাফার দিকে দৃষ্টি না দিয়ে মানুষের কল্যাণে মানুষকে সাথে নিয়ে পূবালী ব্যাংক দীর্ঘ পথ পাড়ি দিয়ে এসেছে। পূবালী ব্যাংকের সামাজিক দায়বদ্ধতার প্রশংসা করে বলেন, পূবালী ব্যাংক এদেশের ব্যাংকিং খাতে অনুকরণীয়, অনুসরণীয় একটি ব্যাংক। আগামী দিনের পথচলায় পূবালী ব্যাংক গ্রাহক ও দেশবাসীর সাথে পারস্পারিক যোগাযোগ বৃদ্ধির পাশাপাশি নির্ভরতার জায়গা তৈরী করে প্রতিষ্ঠানের সাথে সম্পর্কের বুনন দৃঢ় করে তুলতে ভূমিকা রাখবে বলে তাঁরা আশাবাদ ব্যক্ত করেন।

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*



# অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের তৃতীয় সম্মেলন-২০১৯ অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড এর অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের তৃতীয় সম্মেলন-২০১৯ ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে সম্প্রতি অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ- এম. কবিরুজ্জামান ইয়াকুব, আরিফ এ. চৌধুরী এবং আসিফ এ. চৌধুরী। সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। উক্ত সম্মেলনে ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালকদ্বয় মোহাম্মদ আলী ও আখতার হামিদ খান উপস্থিত ছিলেন। এসময় প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ, বিভাগ প্রধান সকল অঞ্চল প্রধান ও

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*



# শীর্ষ করদাতার সম্মাননা পেল পূবালী ব্যাংক লিমিটেড

বৃহৎ করদাতা ইউনিটের আওতায় ব্যাংকিং ক্যাটাগরিতে ২০১৮-১৯ কর বছরে শীর্ষ করদাতার সম্মাননা পেয়েছে বেসরকারি খাতে দেশের বৃহত্তম ব্যাংক পূবালী ব্যাংক লিমিটেড। সম্প্রতি রাজধানীর হোটেল র‍্যাডিসন ব্লু ওয়াটার গার্ডেনে আয়োজিত ট্যাক্স কার্ড ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী এর হাতে সম্মাননা সনদ ও ট্যাক্স কার্ড তুলে দেন। এসময় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এফসিএ এমপি এবং প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মসিউর রহমান উপস্থিত ছিলেন।

ত্রৈমাসিক
পূবালী বার্তা
ডিসেম্বর ২০১৯ ঃ সংখ্যা ২০

## পূবালী ব্যাংকের ইসলামী ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ

ইসলামী শরীয়াহ মোতাবেক আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেড দেশব্যাপী ইসলামী ব্যাংকিং সেবা সম্প্রসারণে উদ্যোগী হয়েছে। এর আওতায় সম্প্রতি বিভিন্ন স্থানে ইসলামিক ব্যাংকিং উইন্ডো চালু করা হচ্ছে। এতে করে ব্যাংকের গ্রাহকগণ প্রচলিত ধারার পাশাপাশি ইসলামী শরীয়াহ মোতাবেক ব্যাংকিং সুবিধা উপভোগ করতে পারবেন। ২০১৯ সালে ইতিমধ্যেই চট্টগ্রামের সিডিএ কর্পোরেট শাখা, রাজশাহী শাখা, বরিশাল শাখা, খুলনা শাখা, সুনামগঞ্জ শাখা, মহাখালী কর্পোরেট শাখা, কুমিল্লা প্রধান শাখা, গুলশান কর্পোরেট শাখা, কুষ্টিয়া শাখা এবং নারায়ণগঞ্জ শাখায় ইসলামী ব্যাংকিং উইন্ডো স্থাপন করা হয়েছে। এছাড়া নোয়াখালীর মাইজদি কোর্ট শাখা, মৌলভীবাজার শাখা, যশোর শাখা, রংপুর শাখা এবং ময়মনসিংহ শাখায় ইসলামী ব্যাংকিং উইন্ডো স্থাপন প্রক্রিয়াধীন আছে।



### ইসলামী ব্যাংকিং উইন্ডো, গুলশান কর্পোরেট শাখা

ইসলামী শরীয়াহ মোতাবেক আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে অনলাইন ব্যাংকিং সুবিধা সহ ঢাকার গুলশান কর্পোরেট শাখায় পূবালী ব্যাংক লিমিটেডের ইসলামী ব্যাংকিং উইন্ডোর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে শাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ- মনজুরুর রহমান, মনির উদ্দিন আহমদ, এম. কবিরুজ্জামান ইয়াকুব, আরিফ এ. চৌধুরী, আসিফ এ. চৌধুরী এবং রানা লায়লা হাফিজ। সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান, প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ, ব্যাংকের উর্ধতন কর্মকর্তাবৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ীগণ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান মুঃ আযীযুল হক বলেন, বাংলার ঐতিহ্যকে ধারণ করে গ্রাহকদের সর্বোত্তম ব্যাংকিং সেবা প্রদান করে চলেছে পূবালী ব্যাংক। ইসলামী শরীয়াহ মোতাবেক আধুনিক ব্যাংকিং সেবা গ্রাহকের কাছে পৌঁছে দিতে পূবালী ব্যাংক ইসলামী ব্যাংকিং উইন্ডো চালু করেছে। তিনি এলাকার ব্যবসায়ী ও স্থানীয় মানুষদের ইসলামী ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানান। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় ইসলামী শরীয়াহ মোতাবেক আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে পূবালী ব্যাংক ইসলামী ব্যাংকিং উইন্ডো উদ্বোধন করেছে।

*এরপর পৃষ্ঠা ৩ কলাম ১*



## বিশিষ্ট সমাজসেবক আহমদ শফি চৌধুরী পূবালী ব্যাংক লিঃ এর উপদেষ্টা

মানব-হিতৈষী ও বিশিষ্ট সমাজসেবক আহমদ শফি চৌধুরী পূবালী ব্যাংক লিমিটেডের উপদেষ্টা হিসেবে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনক্রমে পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়েছেন। বাণিজ্যিক ব্যাংকিং এ সুদীর্ঘ প্রায় ৩০ বছরের অভিজ্ঞতায় সমৃদ্ধ জনাব চৌধুরী ২০১৮ সালের ১০ মে পর্যন্ত পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের পরিচালক ছিলেন। তিনি একজন স্বনামধন্য চা উৎপাদন ব্যবসায়ী।

আহমদ শফি চৌধুরী দীর্ঘকাল ধরে এসকেএফ ফার্মাসিউটিক্যালস লিমিটেড এবং রিলায়েন্স ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের স্বতন্ত্র পরিচালক পদে দায়িত্ব পালন করছেন এবং তিনি ট্রান্সকম গ্রুপের উপদেষ্টা। সমাজ সচেতন জনাব চৌধুরী নানাবিধ দাতব্য কর্মের মাধ্যমে সামাজিক উন্নয়ন কর্মকান্ডে জড়িত। মরহুম খান বাহাদুর দেওয়ান আব্দুর রহিম চৌধুরী ও মরহুমা জোবেদা খাতুন চৌধুরীর পুত্র আহমদ শফি চৌধুরী সিলেটের সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন।



## গাজীপুর আঞ্চলিক কার্যালয় এর যাত্রা শুরু

ব্যবসা সম্প্রসারণ, ব্যাংকিং কার্যক্রমে সহজ তদারকি ও পরিপালন এবং দ্রুত সেবা প্রদানের নিমিত্তে পূবালী ব্যাংক লিমিটেড গাজীপুর জেলায় নতুন একটি আঞ্চলিক কার্যালয় স্থাপন করেছে। ঢাকা উত্তর অঞ্চল থেকে ১৩টি এবং নারায়নগঞ্জ অঞ্চলাধীন ৩টি অর্থাৎ মোট ১৬টি শাখা নিয়ে গাজীপুর অঞ্চল যাত্রা শুরু করেছে। জয়দেবপুর চৌরাস্তা সংলগ্ন জামিলা আইনুল টাওয়ার এর তৃতীয় তলায় সম্প্রতি নবগঠিত গাজীপুর আঞ্চলিক কার্যালয়ের শুভ উদ্বোধন করা হয়।

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ২*



## পূবালী ব্যাংকের ইসলামী ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ



### IBW, মহাখালী কর্পোরেট শাখা

ইসলামী শরীয়াহ মোতাবেক আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে অনলাইন ব্যাংকিং সুবিধা সহ ঢাকার মহাখালী কর্পোরেট শাখায় পূবালী ব্যাংক লিমিটেডের ইসলামী ব্যাংকিং উইন্ডোর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে শাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক এম. কবিরুজ্জামান ইয়াকুব। সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান, প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ এবং ব্যাংকের উর্ধতন কর্মকর্তাবৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ীগণ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।



### IBW, রাজশাহী শাখা

ইসলামী শরীয়াহ মোতাবেক আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে রাজশাহী শাখায় পূবালী ব্যাংক লিমিটেডের ইসলামী ব্যাংকিং উইন্ডোর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে শাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী। রাজশাহী অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহ-াব্যবস্থাপক আবু লাইছ মোঃ শামসুজ্জামান এর সভাপতিত্বে এসময় আরো উপস্থিত ছিলেন ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান এবং ব্যাংকের উর্ধতন কর্মকর্তাবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ব্যবসায়ীগণ।



### IBW, সিডিএ কর্পোরেট শাখা, চট্টগ্রাম

চট্টগ্রামের সিডিএ কর্পোরেট শাখায় পূবালী ব্যাংক লিমিটেডের ইসলামী ব্যাংকিং উইন্ডোর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালক ফাহিম আহমদ ফারুক চৌধুরী এবং ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। এসময় উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন। ব্যাংকের চট্টগ্রাম প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক হাবিবুর রহমানের সভাপতিত্বে এসময় আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রেসিডেন্ট মাহবুবুল আলম, ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান এবং ব্যাংকের উর্ধতন কর্মকর্তাবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ব্যবসায়ীগণ।



### IBW, বরিশাল শাখা

পূবালী ব্যাংক লিমিটেড এর বরিশাল শাখায় ইসলামী ব্যাংকিং উইন্ডোর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধান অতিথি হিসেবে শাখাটি শুভ উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মুঃ আযীযুল হক। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী। বরিশাল অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম মজুমদার এর সভাপতিত্বে এসময় আরো উপস্থিত ছিলেন ইসলামী ব্যাংকিং উইং এর প্রধান এবং ব্যাংকের উর্ধতন কর্মকর্তাবৃন্দ, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ব্যবসায়ীগণ।

## ঝিনাইদহে নারী উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ ব্যাংক, খুলনার তত্ত্বাবধানে পূবালী ব্যাংক লিঃ ঝিনাইদহ শাখার আয়োজনে নারী উদ্যোক্তা-ব্যাংকার মতবিনিময় সভা সম্প্রতি ঝিনাইদহ শহরের এইড কমপ্লেক্স মিলনায়তনে অনুষ্ঠিত হয়। কুটির, মাইক্রো ও ক্ষুদ্রখাতে নতুন নারী উদ্যোক্তাদেরকে ঋণ/আর্থিক সেবা প্রদান কার্যক্রম বৃদ্ধি, গতিশীল করা এবং এক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন সমস্যা ও তার সমাধানকল্পে অনুষ্ঠিত উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংক, খুলনার নির্বাহী পরিচালক মোঃ মোশাররফ হোসেন খান। প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংক, খুলনার এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের উপ-মহ-াব্যবস্থাপক মোঃ আমজাদ হোসেন খান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ ব্যাংক, খুলনার উপ-পরিচালক মুনতাসির মামুন, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহর উপ-পরিচালক নিলুফার রহমান, চেম্বার অব কমার্স, ঝিনাইদহর সাবেক সভাপতি মীর নাসির উদ্দিন। স্বাগত বক্তব্য রাখেন পূবালী ব্যাংক লিঃ, খুলনা অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এ. এইচ. এম. কামরুজ্জামান।

পূবালী ব্যাংক লিঃ, ঝিনাইদহর শাখা প্রধান ও সহকারী মহাব্যবস্থাপক কাজী সিহাবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জনতা ব্যাংক লিঃ, এরিয়া অফিস, ঝিনাইদহর উপ-মহাব্যবস্থাপক মোঃ রাব্বি নেওয়াজ; অগ্রণী ব্যাংক লিঃ, আঞ্চলিক অফিস, ঝিনাইদহর উপ-মহাব্যবস্থাপক মোঃ সদর উদ্দিন আহমেদ; সোনালী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস, ঝিনাইদহর উপ-মহ-াব্যবস্থাপক মোঃ শফিকুল ইসলাম; ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, ঝিনাইদহর শাখা প্রধান ও ভাইস প্রেসিডেন্ট মোঃ আব্দুর রউফ; বিসিক, ঝিনাইদহর উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান; বিসিক শিল্প মালিক সমিতি ও নাসিব, ঝিনাইদহর সভাপতি আকরাম হোসেন প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা করেন, পূবালী ব্যাংক লিঃ ঝিনাইদহ শাখার সিনিয়র অফিসার শেখ আবু শামীম।

ঝিনাইদহ শহরের বিভিন্ন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ ও প্রায় ৬০ জন নারী উদ্যোক্তা সভায় অংশ নেন।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, বাংলাদেশের মত উদীয়মান অর্থনীতির দেশে ৮.৫০ কোটি নারীদেরকে বন্দী

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ২*

ত্রৈমাসিক
পূবালী বার্তা
ডিসেম্বর ২০১৯ ঃ সংখ্যা ২০




## পূবালী ব্যাংক লিমিটেড ও গ্রীণ লাইফ হাসপাতাল লিমিটেড এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং গ্রীণ লাইফ হাসপাতাল লিমিটেড এর মধ্যে একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংক লিমিটেডের হেড অব কার্ডস্ ও উপ-মহাব্যবস্থাপক অসীম কুমার রায় এবং গ্রীণ লাইফ হাসপাতাল লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ডাঃ মোঃ মাইনুল আহসান। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সমঝোতা স্মারক এর ফলে পূবালী ব্যাংক এর সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং কার্ডহোল্ডারগণ গ্রীণ লাইফ হাসপাতাল লিমিটেডে সকল ধরণের প্যাথলজি টেস্টে ২৫% ছাড় এবং রেডিওলজি ও ইমেজিং এ ২০% ছাড়সহ বিভিন্ন সুবিধা ভোগ করবেন।

## গ্যাস বিল আদায়ে চট্টগ্রামে কেজিডিসিএল এর সাথে পূবালী ব্যাংকের চুক্তি স্বাক্ষর

চট্টগ্রাম অঞ্চলের গ্রাহকদের গ্যাস বিল আদায়ে কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর সাথে পূবালী ব্যাংক লিঃ এর চুক্তি স্বাক্ষর সম্প্রতি চট্টগ্রামের ষোলশহরস্থ কেজিডিসিএল এর প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশনের কোম্পানী সেক্রেটারী এজেএম সালেহউদ্দিন সরওয়ার এবং পূবালী ব্যাংক লিঃ এর চট্টগ্রাম উত্তর অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ- মহাব্যবস্থাপক নরেশ চন্দ্র বসাক নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী খায়েজ আহমদ মজুমদার, মহাব্যবস্থাপক (অপারেশন) প্রকৌশলী মোঃ আনিছউদ্দিন আহমেদ, উপ-মহাব্যবস্থাপক (হিসাব) প্রদ্যুত কুমার সাহা, উপ-মহাব্যবস্থাপক (আইটি) প্রকৌশলী হাছান সোহরাব, পূবালী ব্যাংক লিঃ প্রিন্সিপাল অফিস এর মহাব্যবস্থাপক হাবিবুর রহমান, উপ- মহাব্যবস্থাপক মাহবুব আহমেদ, চট্টগ্রাম উত্তর অঞ্চলের সহকারী মহাব্যবস্থাপক সরদার মোঃ হারুনুর রশিদ, শিল্পএলাকা শাখার ব্যবস্থাপক মোঃ দিদারুল আলম ভূঁইয়া ও সিনিয়র অফিসার সালাউদ্দিন মাহমুদ সহ

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ১*




## মৌলভীবাজার অঞ্চলের কুলাউড়া শাখা নতুন ঠিকানায় স্থানান্তর

পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের কুলাউড়া শাখা সম্প্রতি নিকুঞ্জ প্লাজা (২য় তলা), উত্তর বাজার, কুলাউড়া, মৌলভীবাজার ঠিকানায় স্থানান্তরিত হয়েছে। নতুন ভবনে স্থানান্তর উপলক্ষ্যে শুভ-দ্বারোদ্‌ঘাটন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ, প্রিন্সিপাল অফিস, সিলেট এর মহাব্যবস্থাপক এরশাদুল হক। সিলেট প্রিন্সিপাল অফিসের আইন কর্মকর্তা ও সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোহাম্মদ আবু তাহের এর সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক মোহাম্মদ আরিফুর রহমান। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল অফিস, সিলেট এর উপ-মহাব্যবস্থাপক মোঃ মশিউর রহমান খান, সিলেট পূর্ব অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক জিয়াউল হক চৌধুরী এবং সিলেট পশ্চিম অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ মহাব্যবস্থাপক সুকান্ত চন্দ্র বণিক। অনুষ্ঠানে


*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৪*




## চট্টগ্রাম এ নবাগত ট্রেইনি এ্যাসিস্টেন্ট জুনিয়র অফিসারদের ওরিয়েন্টেশন

পূবালী ব্যাংক লিমিটেড, প্রিন্সিপাল অফিস, চট্টগ্রাম-এ যোগদানকৃত ১২৩ জন ট্রেইনি এ্যাসিস্টেন্ট জুনিয়র অফিসার (ক্যাশ)-২০১৯ এর ওরিয়েন্টেশন প্রোগ্রাম সম্প্রতি নগরীর হোটেল সৈকতে অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল অফিস চট্টগ্রামের মহাব্যবস্থাপক হাবিবুর রহমান, উপ মহাব্যবস্থাপক মাহবুব আহমদ, চট্টগ্রাম উত্তর অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ মহাব্যবস্থাপক নরেশ চন্দ্র বসাক, চট্টগ্রাম দক্ষিণ অঞ্চলের ভারপ্রাপ্ত অঞ্চল প্রধান ও সহকারী মহাব্যবস্থাপক সত্যরঞ্জন চক্রবর্তী, সিডিএ কর্পোরেট শাখার উপ মহাব্যবস্থাপক মোহাম্মদ মহসীন সরকার ও আগ্রাবাদ কর্পোরেট শাখার উপ মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী আমজাদ।

অনুষ্ঠানে নবনিযুক্ত ১২৩ জন ট্রেইনি এ্যাসিস্টেন্ট জুনিয়র অফিসার-গন কে ব্যাংকিং সম্পর্কিত নিয়ম-কানুন ও গ্রাহক সেবা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয় এবং নবাগত ব্যাংকারদের সৎ, নিষ্ঠা এবং আন্তরিকতার সাথে গ্রাহক সেবা প্রদানের উপর গুরুত্বারোপ করা হয়।



## হীরকজয়ন্তী উদযাপন

.......... ১ম পৃষ্ঠার পর

ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক পূবালী ব্যাংকের দীর্ঘ ৬০ বছরের পথচলায় যাঁরা সরাসরি বা পরোক্ষভাবে পূবালী ব্যাংককে সমর্থন ও সহযোগিতা যুগিয়েছেন তাঁদেরকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। এই পথচলায় বিগত দিনগুলোর মতো আগামী-তেও সবাই পাশে থেকে পূবালী ব্যাংককে সমৃদ্ধ করবেন বলে স্বাগত বক্তব্যে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন।

## তৃতীয় সম্মেলন-২০১৯ অনুষ্ঠিত

.......... ১ম পৃষ্ঠার পর

কর্পোরেট শাখা প্রধান এবং উর্ধ্বতন নির্বাহী-বৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান মুঃ আযীযুল হক ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রতি আহ্বান জানান। তিনি বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে ব্যাংকিং পরিচালনার জন্য নির্দেশ প্রদান করেন। ব্যাংকিং নীতিমালার যেন কোন ধরণের ব্যত্যয় না ঘটে এ দিকটায় বিশেষ দৃষ্টি দেয়ার জন্য তিনি আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি বলেন, প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি পূবালী ব্যাংকের দক্ষ ও অভিজ্ঞ মানবসম্পদকে যথাযথভাবে ব্যবহারের মাধ্যমে ব্যাংকের ব্যবসা উন্নয়নের পরামর্শ দেন। পরিশেষে ২০১৯ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

সম্মেলনে ২০১৯ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।

## কেজিডিসিএল এর সাথে চুক্তি

.......... ৪র্থ পৃষ্ঠার পর

উভয় প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তা বৃন্দ।

এই চুক্তির আওতায় কর্ণফুলী গ্যাস ডিসট্রিবিউশন কোম্পানী লিঃ এর চট্টগ্রাম অঞ্চলের গ্রাহকবৃন্দ পূবালী ব্যাংকের সকল শাখায় অনলাইন সুবিধার মাধ্যমে তাদের গ্যাস বিল পরিশোধ করতে পারবেন।

## গাজীপুর আঞ্চলিক কার্যালয়

.......... ২য় পৃষ্ঠার পর

এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক আখতার হামিদ খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগ এবং সংস্থাপন বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক আবু হাবিব খায়রুল কবীর, ঢাকা উত্তর অঞ্চলের অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোহাম্মদ আনিসুজ্জামান এবং টঙ্গী সরকারী কলেজের অধ্যক্ষ মোঃ রফিকুল ইসলাম। নবগঠিত গাজীপুর অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহাখালী কর্পোরেট শাখা প্রধান ও উপ-মহাব্যবস্থাপক সুলতানা সরিফুন নাহার, গুলশান মডেল কর্পোরেট শাখা প্রধান ও উপমহাব্যবস্থাপক মোঃ ফয়সল আহমেদ, গাজীপুর অঞ্চলাধীন শাখা সমূহের ব্যবস্থাপকবৃন্দ, সংশ্লিষ্ট সিএলএস এজেন্টবৃন্দ এবং উক্ত এলাকার সম্মানিত গ্রাহকবৃন্দ এবং গন্যমান্য ব্যক্তিবর্গ।

প্রধান অতিথি মহোদয় গাজীপুর শিল্পাঞ্চলে ব্যবসা বাণিজ্যের সম্ভাবনার উপর গুরুত্বারোপ করেন এবং গ্রাহকবৃন্দকে পূবালী ব্যাংকের সেবা গ্রহণ করার ও ব্যাংকের সাথে ব্যবসা করার জন্য অনুরোধ জানান।

## ঝিনাইদহে নারী উদ্যোক্তা

.......... ৩য় পৃষ্ঠার পর

রেখে উন্নয়ন সম্ভব নয়। এই বন্দী দশা থেকে নারীদেরকে বের করে এনে তাদেরকে স্বাবলম্বী করাই বর্তমান সরকারের মিশন ও ভিশন। এজন্য নারী উদ্যোক্তদেরকে সহজ শর্তে দ্রুত সময়ের মধ্যে ঋণ সহায়তা দেয়ার জন্য উপস্থিত ব্যাংক কর্মকর্তাদেরকে পরামর্শ দেন।

প্রধান বক্তা বলেন, বাংলাদেশ ব্যাংকের কার্যকরী নীতি নির্ধারণের কারনে গত পাঁচ বছরে দেশে অনেক নারী উদ্যোক্তা তৈরী হয়েছে। তিনি বলেন, চলতি বছরে ঝিনাইদহ শহরের ২১ টি ব্যাংক ৩৪ কোটি টাকা ঋণ বিতরণ করেছে।

## বিআরবি হাসপাতাল

.......... ১০ম পৃষ্ঠার পর

প্রধান নির্বাহী কর্মকর্তা মেজর (অবঃ) ডাঃ একেএম মাহবুবুল হক। অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে পূবালী ব্যাংক লিমিটেডের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং কার্ডহোল্ডারগণ বিআরবি হাসপাতাল লিমিটেড এর চিকিৎসা সেবা গ্রহণে ১০% থেকে ২০% ছাড়সহ বিভিন্ন সুবিধা ভোগ করবেন।

## কুলাউড়া শাখা স্থানান্তর

.......... ৪র্থ পৃষ্ঠার পর

আরও উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ এর আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর সহকারী মহাব্যবস্থাপক সৈয়দ মোহাম্মদ ইয়াহিয়া, মৌলভীবাজার শাখার শাখা প্রধান ও সহকারী মহাব্যবস্থাপক আবু জাফর মোঃ রকিবুল্লাহ, আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ মুজিবুর রহমান এবং কুলাউড়া শাখার ব্যবস্থাপক হামিদুল হক সহ কুলাউড়া শাখার সকল কর্মকর্তা-কর্মচারী।

শাখার বিপুল সংখ্যক গ্রাহক, এলাকার বিশিষ্ট ব্যবসায়ীবৃন্দ এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ উক্ত দ্বারোদ্ঘাটন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গের পক্ষ হতে বক্তব্য রাখেন মোঃ খালেদ পারভেজ বখস্, সম্পাদক, কুলাউড়া প্রেস ক্লাব এবং বিশিষ্ট ব্যবসায়ী-বৃন্দের পক্ষ হতে বক্তব্য রাখেন মাহবুবুর রহমান শামীম এবং শেলুর রহমান।



## ট্রেনিং/ওয়ার্কশপ

# ICC, Core Risk, Ethical Banking, NIS and Foreign Remittance শীর্ষক কর্মশালা

পূবালী ব্যাংক লিঃ প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের তত্ত্বাবধানে দেশের বিভিন্ন প্রান্তে ICC, Core Risk, Ethical Banking, NIS and Foreign Remittance শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের আয়োজনে ওয়ার্কশপ গুলোতে ব্যাংকের উর্ধ্বতন নির্বাহীগন উপস্থিত ছিলেন। দিনব্যাপী এইসব আয়োজনে বক্তাগন নিজ নিজ বিষয়ে গুরুত্বপূর্ন নির্দেশনা দেন এবং সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কোড অব ইথিক্স মেনে ব্যাংকে যথাযথ দায়িত্ব ও ভূমিকা পালনের জন্য সকলকে পরামর্শ দেন।

### বরিশাল



বরিশাল এবং ফরিদপুর অঞ্চলের অধীন সকল শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আঃ জলিল। বিশেষজ্ঞ বক্তা হিসেবে আরও উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স সেলের উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আল মামুন, বরিশাল অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মনজুরুল ইসলাম মজুমদার, ফরিদপুর অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এ.কে.এম. আবদুর রাকিব এবং প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ জসিম উদ্দিন। সভাপতিত্ব করেন বরিশাল অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মনজুরুল ইসলাম মজুমদার।

### সিলেট




সিলেট পূর্ব, সিলেট পশ্চিম ও মৌলভীবাজার অঞ্চলের অধীন সকল শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাগণের অংশগ্রহণে কর্মশালায় বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন সিলেট প্রিন্সিপাল অফিসের প্রধান ও মহাব্যবস্থাপক এরশাদুল হক, প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আঃ জলিল, ফরেন রেমিট্যান্স সেলের উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আল মামুন, সিলেট পূর্ব অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক জিয়াউল হক চৌধুরী, সিলেট পশ্চিম অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক সুকান্ত চন্দ্র বণিক, মৌলভীবাজার অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আরিফুর রহমান এবং পরিপালন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ জসিম উদ্দিন। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন সিলেট প্রিন্সিপাল অফিসের প্রধান ও মহাব্যবস্থাপক এরশাদুল হক।

### চট্টগ্রাম



চট্টগ্রাম উত্তর, চট্টগ্রাম দক্ষিণ অঞ্চলের অধীন সকল শাখা, আগ্রাবাদ এবং সিডিএ কর্পোরেট শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাগণের অংশগ্রহণে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম প্রিন্সিপাল অফিসের প্রধান ও মহাব্যবস্থাপক হাবিবুর রহমান। বিশেষজ্ঞ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আঃ জলিল, ফরেন রেমিট্যান্স সেলের উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আল মামুন, চট্টগ্রাম প্রিন্সিপাল অফিসের উপ-মহাব্যবস্থাপক মাহবুব আহমদ, চট্টগ্রাম উত্তর অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহ-াব্যবস্থাপক নরেশ চন্দ্র বসাক, চট্টগ্রাম দক্ষিণ অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এইচ.এম. ওমর ফারুক, সিডিএ কর্পোরেট শাখার প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ মহসীন সরকার, আগ্রাবাদ কর্পোরেট শাখার প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী আমজাদ এবং পরিপালন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ জসিম উদ্দিন।

### রংপুর



রংপুর অঞ্চলের অধীন সকল শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাগণের অংশগ্রহণে কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ১*

# "Leadership Excellence for Branch management" শীর্ষক কর্মশালা

পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগ, ট্রেনিং ইনষ্টিটিউট, ঢাকা এবং বিভিন্ন আঞ্চলিক কার্যালয় এর যৌথ উদ্যোগে ''Leadership Excellence for Branch management" শীর্ষক কর্মশালা দেশের বিভন্ন স্থানে অনুষ্ঠিত হয়েছে। দিনব্যাপী কর্মশালায় নেতৃত্বদান, ব্যাংকের কাছে গ্রাহকের প্রত্যাশা, সমঝোতা ও বিরোধ নিস্পত্তি, স্ট্রেস ম্যানেজমেন্ট, কাজের উৎকর্ষ সাধনে দলীয় প্রচেষ্টা ও সঠিক সিদ্ধান্ত গ্রহণ, ব্যাংকিং এ নৈতিকতা এবং যোগাযোগ দক্ষতা বিষয়ের উপরে বিষদ আলোচনা করা হয়।

### ময়মনসিংহ



ময়মনসিংহের বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম কনফারেন্স হল- এ অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগের বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক আহমদ এনায়েত মনজুর এবং বিশেষ অতিথি হিসেবে পূবালী ব্যাংক ট্রেনিং ইনষ্টিটিউট এর প্রিন্সিপাল নিরঞ্জন চন্দ্র গোপ উপস্থিত ছিলেন। ময়মনসিংহ অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যাবস্থাপক চৌধুরী মোঃ শফিউল হাসান এর সভাপতিত্বে কর্মশালায় উক্ত অঞ্চলের সকল শাখা ব্যবস্থাপক, উপ-ব্যবস্থাপক সহ সংশ্লিষ্ট কর্মকর্তা এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

### খুলনা



পূবালী ব্যাংক লিঃ খালিশপুর শাখায় অনুষ্ঠিত কর্মশালায় প্রধান আলোচক ছিলেন মানব সম্পদ বিভাগের বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক আহমদ এনায়েত মনজুর। বিশেষ আলোচক ছিলেন পূবালী ব্যাংক ট্রেনিং ইন্সটিটিউট এর প্রিন্সিপাল নিরঞ্জন চন্দ্র গোপ। কর্মশালায় উক্ত অঞ্চলের ২৭ টি শাখার শাখা-ব্যবস্থাপক, উপ-ব্যবস্থাপক সহ অন্যান্য কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খুলনা অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এ.এইচ.এম. কামরুজ্জামান।

## ICC কর্মশালা

.......... *১ম পৃষ্ঠার পর*

বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আঃ জলিল। বিশেষজ্ঞ বক্তা হিসেবে সেশনসমূহ পরিচালনা করেন প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আঃ জলিল, রংপুর অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ কামরুজ্জামান, প্রধান কার্যালয়ের ফরেন রেমিট্যান্স সেলের উপ-মহ-াব্যবস্থাপক মোহাম্মদ আল মামুন, পরিপালন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ জসিম উদ্দিন, রংপুর আঞ্চলিক কার্যালয়ের প্রিন্সিপাল অফিসার মোঃ আজহার উল আলম এবং আইন কর্মকর্তা মোঃ আব্দুল হাই আলহাদী। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন রংপুর আঞ্চলিক কার্যালয়ের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ কামরুজ্জামান।

### রাজশাহী




রাজশাহী অঞ্চলের অধীন সকল শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাগণের অংশগ্রহণে বিগত ০৬/০৭/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের বিভাগ প্রধান, মহাব্যবস্থাপক ও FPO নীতিশ কুমার রায়। বিশেষজ্ঞ বক্তা হিসেবে সেশনসমূহ পরিচালনা করেন নীতিশ কুমার রায়, রাজশাহী অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ- মহাব্যবস্থাপক আবু লাইছ মোঃ শামসুজ্জামান, পরিপালন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ জসিম উদ্দিন, আন্তর্জাতিক বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ শহীদুল ইসলাম এবং রাজশাহী আঞ্চলিক কার্যাল-য়ের SPO তানিয়া সুলতানা। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আবু লাইছ মোঃ শামসুজ্জামান।

### কুমিল্লা



কুমিল্লা অঞ্চলের অধীন সকল শাখার শাখা ব্যবস্থাপক ও কর্মকর্তাগণের অংশগ্রহণে বিগত ২২/০৬/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নীতিশ কুমার রায়। বিশেষজ্ঞ বক্তা হিসেবে সেশনসমূহ পরিচালনা করেন প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের বিভাগ প্রধান, মহাব্যবস্থাপক ও FPO নীতিশ কুমার রায়, কুমিল্লা অঞ্চলের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আবদুর রহিম, প্রধান কার্যালয়ের পরিপালন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ জসিম উদ্দিন, আন্তর্জাতিক বিভাগের সহকারী মহাব্যবস্থাপক মোঃ শহীদুল ইসলাম এবং কুমিল্লা আঞ্চলিক কার্যাল-য়র মোঃ হুমায়ূন কবির। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আবদুর রহিম।







## ময়মনসিংহে 'নিরীক্ষা ও পরিদর্শন' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ এবং আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ এর যৌথ উদ্যোগে ''Standard way of compliance of audit & inspection reports, suggestive remedial measures and prevention of lapses/fraud & ALM" বিষয়ক দিনব্যাপী কর্মশালা সম্প্রতি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এর কৃষি অনুষদ ডীন অফিস কনফারেন্স হল- এ অনুষ্ঠিত হয়। ময়মন-সিংহ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক চৌধুরী মোঃ শফিউল হাসান এর সভাপতিত্বে কর্মশালায় উক্ত অঞ্চলের সকল শাখা ব্যবস্থাপক, শাখায় সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারী কর্মকর্তাগণ এবং আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। রিসোর্স পার্সন হিসেবে প্রধান কার্যালয়ের নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ প্রধান ও মহাব্যবস্থাপক এম শাহনেওয়াজ চৌধুরী, উপ-মহাব্যবস্থাপক শক্তি রঞ্জন দাস নির্ধারিত বিষয়ের উপর বক্তব্য প্রদান করেন। বিশেষ অতিথি ও অন্যতম রিসোর্স পার্সন হিসেবে বাংলাদেশ ব্যাংক ময়মন-সিংহের উপ-মহাব্যবস্থাপক মামুন হোসেন এবং উপ-পরিচালক সুজন বসাক কর্মশালায় উপস্থিত ছিলেন। রিসোর্স পার্সনবৃন্দ সংশ্লিষ্ট বিষয়ে নিজ নিজ বক্তব্য উপস্থাপন করেন এবং সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কোড অব ইথিক্স মেনে ব্যাংকে যথাযথ দায়িত্ব পালনের জন্য সকলকে পরামর্শ দেন।



সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, মহান স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদৎ বার্ষিকীতে ১৫ আগষ্ট ২০১৯ইং তারিখে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্প অর্পন করে শ্রদ্ধাঞ্জলী জানান বঙ্গবন্ধু সৈনিক লীগ, পূবালী ব্যাংক লিমিটেড এর সভাপতি মোঃ রহমত উল্লাহ এর নেতৃত্বে সাধারণ সম্পাদক মোঃ হৃদয় কাজী সহ অন্যান্য নেতৃবৃন্দ।



## এইচএসসি-২০১৯



**হাবিবা হান্নান অপি**

জিপিএ-৫

পিতাঃ মোঃ আঃ হান্নান মিয়া
সিনিয়র অফিসার
কেন্দ্রীয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ পারভীন সুলতানা



**মোহাম্মদ হাফিজুর রহমান সাকিব**

জিপিএ-৫

পিতাঃ আহমদ নুর
প্রিন্সিপাল অফিসার
শেখ মুজিব রোড শাখা, চট্টগ্রাম
মাতাঃ ছলিমা বেগম চৌধুরী



**আয়েশা আক্তার**

জিপিএ-৫

পিতাঃ মোঃ মোস্তাক আহমদ
মাতাঃ মোসাম্মৎ খোশনেহার
সিনিয়র অফিসার
চৌমুহনা শাখা, মৌলভীবাজার

## জেএসসি-২০১৮



**আজমাঈন আহনাফ আরিন**

জিপিএ-৫

পিতাঃ মোঃ তৈয়বুর রহমান
মাতাঃ রেহানা খাতুন
প্রিন্সিপাল অফিসার
সাভার শাখা, ঢাকা

## এসএসসি-২০১৯



**নওরীন জাহান চৌধুরী**

জিপিএ-৫

পিতাঃ জসিম উদ্দিন চৌধুরী
প্রিন্সিপাল অফিসার
নরসিংদী শাখা, নরসিংদী
মাতাঃ শামসুন্নাহার চৌধুরী



**আনিকুল ইসলাম রিঙ্কু**

জিপিএ-৫

পিতাঃ মোঃ লিটন মৃধা
গাড়ি চালক, সংস্থাপন বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ ফারজানা আক্তার

## প্রাথমিক শিক্ষা সমাপনী-২০১৮



**আদ্রিতা দত্ত পূজা**

জিপিএ-৫

পিতাঃ দীপঙ্কর দত্ত
মাতাঃ প্রতিমা রানী বনিক
সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ব্যবস্থাপক
স্বদেশী বাজার শাখা, ময়মনসিংহ



**ইরফান সাকিফ**

জিপিএ-৫

পিতাঃ এ.জে.এম. আজমল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
ঋণ মঞ্জুরী বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
মাতাঃ আইরিন সুলতানা

## সাফল্য




পূবালী ব্যাংক লিমিটেড চুনারুঘাট শাখার সিনিয়র অফিসার জয়া নাহা এবং প্রণয় কুমার পাল এর পুত্র ভিক্টর পাল প্রান্ত ২০১৯ সালের মেডিকেল ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে নিলফামারী সরকারী মেডিকেল কলেজ-এ ভর্তি হওয়ার সুযোগ লাভ করেছে। সে এবং তার পরিবার সকলের কাছে দোয়া প্রার্থী।



**শোকবার্তা**

পূবালী ব্যাংক লিঃ, আঞ্চলিক কার্যালয়, মৌলভীবাজার এর সিনিয়র প্রিন্সিপাল অফিসার মোঃ আব্দুল ওয়াহেদ (৫৭) গত ০২.০৮.২০১৯ইং তারিখ (রোজ শুক্রবার) হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে সিলেটের একটি প্রাইভেট হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তিনি স্ত্রী ও দুই ছেলে রেখে যান। তাঁর আকস্মিক মৃত্যুতে পূবালী পরিবার গভীরভাবে শোকাহত এবং শোক সন্তপ্ত পরিবারকে সমবেদনা ও মরহুমের আত্মার মাগফিরাত কামনা করছে।



# সামাজিক দায়বদ্ধতায় পূবালী ব্যাংক লিমিটেড




## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে বাস প্রদান

পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে একটি বাস প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়ার নিকট আনুষ্ঠানিকভাবে বাসের চাবি হস্তান্তর করেন। এসময় ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর(প্রশাসন) অধ্যাপক ডাঃ মুহাম্মদ রফিকুল আলম, প্রো-ভাইস চ্যান্সেলর(গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ শহীদুল্লাহ সিকদার, প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) অধ্যাপক শাহানা আখতার রহমান, ট্রেজারার অধ্যাপক মোহাম্মদ আতিকুর রহমান এবং পূবালী ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক আব্দুহু রুহুল মাসীহ উপস্থিত ছিলেন।

পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী এই উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়িত্ববোধও রয়েছে। এরই প্রেক্ষিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর জন্য পূবালী ব্যাংক একটি বাস অনুদান হিসেবে প্রদান করেছে। তিনি বলেন, এই অনুদান অনাগত দিনগুলোতে ঐতিহ্যবাহী দুই প্রতিষ্ঠানের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতির সেতুবন্ধন ও পারস্পরিক সহযোগিতার প্রতীক হিসাবে কাজ করবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডাঃ কনক কান্তি বড়ুয়া পূবালী ব্যাংকের এই অনুদানের জন্য ধন্যবাদ জানান।



## সেগুনবাগিচাস্থ বারডেম জেনারেল হাসপাতাল-২ এর শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা স্থাপন

পূবালী ব্যাংক লিমিটেড সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ঢাকার সেগুনবাগিচাস্থ বারডেম জেনারেল হাসপাতাল-২ এর বহির্বিভাগের ২য় তলার ওয়েটিং এরিয়ায় শীতাতপ নিয়ন্ত্রন ব্যবস্থা করে দিয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী, বারডেম জেনারেল হাসপাতালের মহাপরিচালক অধ্যাপক ডাঃ জাফর আহমেদ লতিফ, সিনিয়র কনসালটেন্ট অধ্যাপক ডাঃ এম এ সালাম খান উপস্থিত ছিলেন। এসময় অন্যান্যের মধ্যে পূবালী ব্যাংকের সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক আবু হাবিব খায়রুল কবীর এবং ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক আব্দুহু রুহুল মাসীহসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বারডেম জেনারেল হাসপাতালের মহাপরিচালক অধ্যাপক ডাঃ জাফর আহমেদ লতিফ পূবালী ব্যাংকের এই অনুদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, এই অনুদান অনাগত দিনগুলোতে দুই প্রতিষ্ঠানের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতির সেতুবন্ধন ও পারস্পরিক সহযোগিতার প্রতীক হিসাবে কাজ করবে।



## চট্টগ্রাম কলেজকে মাইক্রোবাস প্রদান

ঐতিহ্যবাহী চট্টগ্রাম কলেজের শিক্ষকদের যাতায়াতের সুবিধার জন্য একটি মাইক্রোবাস প্রদান করেছে। সম্প্রতি এক অনুষ্ঠানের মাধ্যমে প্রফেসর মুজিবুল হক চৌধুরী, শিক্ষক পরিষদের নেতৃবৃন্দ,অন্যান্য শিক্ষকমন্ডলি এবং ছাত্রছাত্রীদের উপস্থিতিতে পূবালী ব্যাংক লিমিটেড প্রিন্সিপাল অফিস চট্টগ্রাম-এর মহাব্যবস্থাপক মোঃ হাবিবুর রহমান, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ আবুল হাসান এর নিকট মাইক্রোবাসের প্রতীকি চাবি হস্তান্তর করেন। এ সময় অন্যান্যদের মধ্যে পূবালী ব্যাংক লিমিটেড চট্টগ্রাম উত্তর অঞ্চলের প্রধান ও উপ-মহাব্যবস্থাপক নরেশ চন্দ্র বসাক, উপ-মহাব্যবস্থাপক মাহবুবুল আলম এবং সহকারি মহাব্যবস্থাপক ও কলেজ রোড শাখার প্রধান মোঃ মিনহাজ উদ্দীন উপস্থিত ছিলেন।



সামাজিক দায়বদ্ধতা কর্মসূচীর আওতায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস) এর ইন্টারন্যাশনাল গেস্ট হাউজ এ বাউরেস রিভারভিউ সম্মেলন কক্ষ ও অত্যাধুনিক ডাইনিং কক্ষ নির্মাণে পূবালী ব্যাংক লিঃ এর ময়মনসিংহ অঞ্চলের বিশ্ববিদ্যালয় চত্বর শাখার মাধ্যমে ১৫ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে। পূবালী ব্যাংক লিঃ ময়মনসিংহ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক চৌধুরী মোঃ শফিউল হাসান সম্প্রতি এক অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি বিশ্ববিধ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. লুৎফুল হাসানের নিকট অনুদানের চেক হস্তান্তর করেন। উক্ত চেক হস্তান্তর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, বাউরেসের পরিচালক, বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ, ট্রেজারার, শিক্ষকবৃন্দ, ব্যাংকের বিশ্ববিদ্যালয় শাখার ব্যবস্থাপক উজ্জল কুমার সাহা ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা মোঃ মোঃ নজরুল ইসলাম ফরাজী ।




## বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে "Finance Management" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচী

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে "Finance Management" শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মসূচী সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার এমপি। গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। অনুষ্ঠানে পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাপরিচালক মোঃ ফিরোজ সালাহ্ উদ্দিন, কোষাধ্যক্ষ অ্যাডভোকেট তৌহিদুর রহমান ও পরিচালকবৃন্দ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

পূবালী ব্যাংকের নিরীক্ষা ও পরিদর্শন বিভাগের মহাব্যবস্থাপক এম শাহনেওয়াজ চৌধুরী এবং পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের প্রিন্সিপাল নিরঞ্জন চন্দ্র গোপ এসময় উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ কর্মসূচীতে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির বিভিন্ন ইউনিটের ১৯ জন হিসাবরক্ষণ কর্মকর্তা অংশগ্রহণ করেন।



## আন্তর্জাতিক মুদ্রা তহবিল এর প্রতিনিধিদল এর সাথে পূবালী ব্যাংক লিঃ এর মত বিনিময়

আন্তর্জাতিক মুদ্রা তহবিল (International Monetary Fund- IMF) এর এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের বিভাগীয় প্রধান দাইসাকু কিহারা'র নেতৃত্বে ৭ সদস্যের প্রতিনিধিদল সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ে ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী ও উর্ধ্বতন নির্বাহীবৃন্দের সাথে একটি মত বিনিময় সভায় অংশগ্রহণ করেন।

১৯৫৯ সালে সম্পূর্ণ বাঙ্গালী উদ্যোক্তাদের দ্বারা প্রতিষ্ঠিত পূবালী ব্যাংক লিমিটেড বর্তমানে ৪৭৩ টি শাখা আর প্রায় আট হাজার সুদক্ষ কর্মীবাহিনী নিয়ে পরিচালিত প্রাইভেট খাতের বড় ব্যাংক হিসেবে একটি শক্ত ভিতের উপর দাঁড়িয়ে আছে। ১৯৮৩ সালে ব্যাংকটি বিরাষ্ট্রীয়করণের পর ব্যাংকের সাফল্যের তথ্য উপাত্ত আইএমএফ প্রতিনিধিদলের সাথে আলোচনায় উঠে আসে। ব্যাংকের ষাটবছর পূর্তি উপলক্ষ্যে চলমান পথে অর্জন, প্রাপ্তি, অপ্রাপ্তি এবং ভবিষ্যৎ পরিকল্পনা এবং ব্যাংকিং খাতের বর্তমান চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে সভায় মতবিনিময় হয়। বাংলাদেশের বর্তমান সময়ে ক্রমবর্ধমান খেলাপি ঋণের তুলনায় পূবালী ব্যাংকে মন্দ ঋণের পরিমাণ ন্যূনতম পর্যায়ে থাকায় তা গুরুত্বের সাথে আলোচিত হয়।

আই এম এফ বাংলাদেশ, ভুটান, ভারত ও শ্রীলঙ্কা অঞ্চলের নির্বাহী পরিচালক ড. সুবীর ভিটাল গোকরান, আইএমএফের আবাসিক প্রতিনিধি রাগনার গুডমন্ডসন এর উপস্থিতিতে পূবালী ব্যাংক লিমিটেডের এএমডি শফিউল আলম খান চৌধুরী, ডিএমডি মোহাম্মদ আলী, ডিএমডি আখতার হামিদ খান, জিএম ও আন্তর্জাতিক ও ট্রেজারি বিভাগের প্রধান মোহাম্মদ শাহাদাত হোসেন, ডিজিএম ও চীফ ফিনান্সিয়াল অফিসার মোহাম্মদ লিটন মিয়া ব্যাংকের পক্ষে বৈঠকে উপস্থিত ছিলেন।



## সর্বোচ্চ বিল সংগ্রহকারী ব্যাংক হিসেবে ঢাকা ওয়াসার কর্তৃক অ্যাওয়ার্ড লাভ

ঢাকা ওয়াসার বিল সংগ্রহকারী ৩৩টি ব্যাংকের মধ্যে সর্বোচ্চ বিল সংগ্রহকারী ব্যাংক হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডকে ২০১৮-১৯ অর্থ-বছরের জন্য অ্যাওয়ার্ড প্রদান করা হয়। এ উপলক্ষ্যে রাজধানীর সোনারগাঁও হোটেলে 'ঢাকা ওয়াসা বিল কালেকশন অ্যাওয়ার্ড' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী মোঃ তাজুল ইসলাম এমপি পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরীর হাতে সম্মাননা সনদ ও পদক তুলে দেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সচিব হেলাল উদ্দিন আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার তাকসিম এ খান। এসময় বিভিন্ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, ঢাকা ওয়াসার উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ এবং উর্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ।



## পূবালী ব্যাংক ও বিআরবি হাসপাতাল এর মধ্যে সমঝোতা স্মারক

পূবালী ব্যাংক লিমিটেড এবং বিআরবি হাসপাতাল লিমিটেড এর মধ্যে একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন। সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংক লিমিটেডের হেড অব কার্ডস্ ও উপ-মহাব্যবস্থাপক অসীম কুমার রায় এবং বিআরবি হাসপাতাল লিমিটেড এর

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩*




ত্রৈমাসিক
# পূবালী বার্তা

## এডিটোরিয়াল প্যানেল

**মোহাম্মদ আলী**
উপ-ব্যবস্থাপনা পরিচালক ও চীফ টেকনিক্যাল অফিসার

**আঃ জলিল**
উপ-মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, গবেষণা ও উন্নয়ন বিভাগ

**মোহাম্মদ আশরাফুল ইসলাম**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**মোঃ মাইদুল হক**
প্রিন্সিপাল অফিসার

**মোহাম্মদ রাজীব ইসলাম**
সিনিয়র অফিসার

**মোঃ শফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার


পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

**গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড**
২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫১৫৭২৯, পি.এ.বি.এক্স. : ৯৫৫১৬১৪ এক্স-৩৮১, ৩৮২
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com